# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৩: সবর (ধৈর্যের) বিবরণ

(3) ـ باب الصبر

---

আরবী

وعن أبي مَالِكٍ الْحَارِث بْنِ عَاصِم الأشْعريّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلّى االلهُ عَلَيْهِ وسَلَّم : »الطُّهُورُ شَطْرُ الإِيمَان ، وَالْحَمْدُ للَّه تَمْلأُ الْميزانَ وسُبْحَانَ االله والحَمْدُ للَّه تَمْلآنِ أَوْ تَملأُ مَا بَيْنَ السَّموَاتوَالأَرْضِ وَالصَّلاَةِ نورٌ ، والصَّدَقةُ بُرْهَانٌ ، وَالصَّبْرُ ضِيَاءٌ ، والْقُرْآنُ حُجَّةٌ لَكَ أَوْ عَلَيْكَ . أُلُّ النَّاس يَغْدُو،فَبائِعٌ نَفْسَهُ فمُعْتِقُها ، أَوْ مُوبِقُهَا« رواه مسلم .

বাংলা

আল্লাহ তা’আলা বলেন,

﴿ يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ ٱصۡبِرُواْ وَصَابِرُواْ ﴾ [ال عمران: ٢٠٠]

অর্থাৎ “হে বিশ্বাসীগণ! তোমরা ধৈর্য ধারণ কর এবং ধৈর্য ধারণে প্রতিযোগিতা কর।” (সূরা আলে ইমরান ২০০ আয়াত)

তিনি আরও বলেন,

﴿وَلَنَبۡلُوَنَّكُم بِشَيۡءٖ مِّنَ ٱلۡخَوۡفِ وَٱلۡجُوعِ وَنَقۡصٖ مِّنَ ٱلۡأَمۡوَٰلِ وَٱلۡأَنفُسِ وَٱلثَّمَرَٰتِۗ وَبَشِّرِ ٱلصَّٰبِرِينَ ١٥٥﴾ [البقرة: ١٥٥]

অর্থাৎ “নিশ্চয়ই আমি তোমাদেরকে কিছু ভয় ও ক্ষুধা দ্বারা এবং কিছু ধনপ্রাণ এবং ফলের (ফসলের) নোকসান দ্বারা পরীক্ষা করব; আর তুমি ধৈর্যশীলদেরকে সুসংবাদ দাও।” (সূরা বাকারাহ ১৫৫ আয়াত)

তিনি আরও বলেন,

﴿ إِنَّمَا يُوَفَّى ٱلصَّٰبِرُونَ أَجۡرَهُم بِغَيۡرِ حِسَابٍ﴾ [الزمر: ١٠]

অর্থাৎ “ধৈর্যশীলদেরকে তো অপরিমিত পুরস্কার দেওয়া হবে।” (সূরা যুমার ১০ আয়াত)

তিনি অন্যত্র বলেন,

﴿ وَلَمَن صَبَرَ وَغَفَرَ إِنَّ ذَٰلِكَ لَمِنۡ عَزۡمِ ٱلۡأُمُورِ ٤٣ ﴾ [الشورا: ٤٣]

অর্থাৎ “অবশ্যই যে ধৈর্য ধারণ করে এবং ক্ষমা করে, নিশ্চয় তা দৃঢ়-সংকল্পের কাজ।” (সূরা শুরা ৪৩ আয়াত)

﴿ يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ ٱسۡتَعِينُواْ بِٱلصَّبۡرِ وَٱلصَّلَوٰةِۚ إِنَّ ٱللَّهَ مَعَ ٱلصَّٰبِرِينَ ١٥٣ ﴾ [البقرة: ١٥٣]

অর্থাৎ “হে বিশ্বাসীগণ! তোমরা ধৈর্য ও নামাযের মাধ্যমে সাহায্য প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ ধৈর্যশীলদের সঙ্গে থাকেন।” (সূরা বাকারাহ ১৫৩ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ وَلَنَبۡلُوَنَّكُمۡ حَتَّىٰ نَعۡلَمَ ٱلۡمُجَٰهِدِينَ مِنكُمۡ وَٱلصَّٰبِرِينَ وَنَبۡلُوَاْ أَخۡبَارَكُمۡ ٣١ ﴾ [محمد: ٣١]

অর্থাৎ “আমি অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করব যতক্ষণ না আমি তোমাদের মধ্যে মুজাহিদ ও ধৈর্যশীলদেরকে জেনে নই এবং আমি তোমাদের অবস্থা পরীক্ষা করি।” (সূরা মুহাম্মাদ ৩১ আয়াত)

আয়াতসমূহে ধৈর্যের আদেশ এবং তার মাহাত্ম্য বর্ণনা করা হয়েছে তার সংখ্যা অনেক ও প্রসিদ্ধ।

---

১/২৬। আবূ মালিক হারিস ইবনু ’আসেম আশ’আরী রাদিয়াল্লাহু ’আনহু থেকে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ’’পবিত্রতা অর্ধেক ঈমান। আর ’আলহামদু লিল্লাহ’ (কিয়ামতে নেকীর) দাঁড়িপাল্লাকে ভরে দেবে এবং ’সুবহানাল্লাহ’ ও ’আলহামদু লিল্লাহ’ আসমান ও যমীনের মধ্যস্থিত শূন্যতা পূর্ণ করে দেয়। নামায হচ্ছে জ্যোতি। সাদকাহ হচ্ছে প্রমাণ। ধৈর্য হল আলো। আর কুরআন তোমার স্বপক্ষে অথবা বিপক্ষে দলীল। প্রত্যেক ব্যক্তি সকাল সকাল সবকর্মে বের হয় এবং তার আত্মার ব্যবসা করে। অতঃপর সে তাকে (শাস্তি থেকে) মুক্ত করে অথবা তাকে (আল্লাহর রহমত থেকে বঞ্চিত ক’রে) বিনাশ করে।’ [1]

## English

(3) Chapter: Patience and Perseverance

Allah, the Exalted, says:
"O you who believe! Endure and be more patient..". (3:200)
"And certainly, We shall test you with something of fear, hunger, loss of

wealth, lives and fruits, but give glad
tidings to As-Sabirun (the patient)". (2:155)
"Only those who are patient shall receive their reward in full, without reckoning.'' (39:10)
"And verily, whosoever shows patience and forgives, that would truly be from the things recommended by
Allah.'' (42:43)
"Seek help in patience and As-Salat (the prayer). Truly, Allah is with As-Sabirun (the patient).'' (2:153)
"And surely, We shall try you till We test those who strive hard (for the Cause of Allah) and As-Sabirun (the patient)'' (47:31)
There are numerous Verses of the Noble Qur'an inculcating patience and extolling it.
-----------
Abu Malik Al-Harith bin Asim Al-Ash'ar (May Allah be pleased with him) reported that:
The Messenger of Allah (ﷺ) said: "Wudu' is half of Salah; the utterance of (Al-hamdu lillah - all praise belongs to Allah) fills the Scales of good actions; the utterance of (Subhan Allah wa Al-hamdu lillah) (Allah is far removed from every imperfection and all praise belongs to Allah) fills the space between the heavens and the earth, and Salat (prayer) is light; and charity is the proof of Faith; and endurance is light, and the Qur'an is a plea in your favour or against you. Every person departs; he either ransoms it or puts it into perdition".

[Muslim].

------------
Commentary:
1. Piety in all forms is meritorious. And Faith means Faith in its perfect form. Some people are of the opinion that
here Faith means Salat. Purification is essential for Salat and this is the reason it is regarded as half of Salat.
2. Excellence of the remembrance of Allah.
3. Inducement for concentration on Salat because it is a light which provides guidance to a Muslim at every step and
prevents him from obscenity and unlawful actions.
4. Sadaqah signifies a Muslim's sincerity and devotion.
5. The praiseworthiness of patience. It is a strong weapon of a Muslim which provides him with steadfastness.
6. The Qur'an is a means of salvation as well as destruction for a Muslim. If one acts upon its orders, it becomes a

means of his salvation; if he shuns them, it ruins him.
7. One should not leave oneself idle but keep it busy - busy in some noble work, otherwise it would tend to evil
which will eventually ruin him.
8. One should spend this transitory earthly life in the obedience of Allah.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ২২৩, মুসলিম ৩৫১৭, ইবনু মাজাহ ২৮০, আহমাদ ২২৩৯৫, ২২৪০১, দারেমী ৬৫৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22329

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন